

## করোনা পরিস্থিতিতে বিষ্ণুপুরে অক্সিজেন কন্সেন্ট্রেটর

সাধন মন্ডল, বাঁকুড়া, সুন্দরবনের শ্বেচ্ছাসেবী সংস্থা মুক্তির সহযোগিতায় বাঁকুড়ার বিষ্ণুপুরে করোনা পরিস্থিতিতে অক্সিজেনের চাহিদা মেটাতে দুটি অক্সিজেন কন্সেন্ট্রেটর এর উদ্বোধন করা হল। এই পুরো প্রক্রিয়াটিয়ে যারা বিষ্ণুপুরের মানুষের কাছে পৌঁছে দিয়েছেন তারা হলো বিষ্ণুপুরের শ্বেচ্ছাসেবী সংস্থা মল্লভূম প্রয়াস। গত মঙ্গলবার বিষ্ণুপুরের এসডিপিও কুতুবুদ্দিন খান ফিতে কেটে এই ব্রিথিং স্টেশনের উদ্বোধন করেন। মল্লভূম প্রয়াসের সদস্যরা জানান হত কয়েক সপ্তাহ ধরে বিষ্ণুপুরে অক্সিজেনের চাহিদা বাড়ছিলো এবং অনেক মানুষ অক্সিজেনের জন্য বিভিন্ন জায়গায় খোঁজাখুঁজি করছিলেন এমতাবস্থায় আমরা সুন্দরবনের শ্বেচ্ছাসেবী সংস্থা 'মুক্তি'র সাথে যোগাযোগ করি এবং মুক্তির



বিষ্ণুপুরে কোভিড কেয়ার সেন্টারের উদ্বোধনে এসডিপিও কুতুবুদ্দিন খান। - ছবি সাধন মন্ডল

থেকে আমাদের ২টি অক্সিজেন কন্সেন্ট্রেটর, করোনা আক্রান্তদের জন্য কিছু ওষুধ, মাস্ক এবং স্যানিটাইজার পাঠায়, আমরা অসংখ্য ধন্যবাদ জানাই মুক্তি

সংস্থাকে এই সাহায্যের হাত বাড়িয়ে দেবার জন্য। আমরা আমাদের সংস্থার পক্ষ থেকে সাধারণত মানুষকে বিনামূল্যে অক্সিজেন এবং ওষুধ দিয়ে সহযোগিতা করবো।